



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী
e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com

নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ২৪৪৭

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২০২৬ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির তথ্য MIS Software- এ এন্ট্রিকরণ/ভুল সংশোধনের সময়সীমা বর্ধিতকরণ।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাজশাহী কলেজে অধ্যয়নরত বিভিন্ন অর্থবছরের বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য MIS Software-এ এন্ট্রি প্রদান করা হয়নি কিংবা ভুল তথ্য এন্ট্রির কারণে ব্যাংক হিসাবে টাকা প্রেরণ করা সম্ভব হয়নি তাদের তথ্য সঠিকভাবে এন্ট্রির লক্ষ্যে আগামী ১৮/১২/২০২৫ খ্রি. এর মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র কলেজের হিসাব শাখায় জমাদানের জন্য বলা হলো।

উল্লেখ্য, বৃত্তিপ্রাপ্ত নিয়মিত সকল শিক্ষার্থীকে (উচ্চ মাধ্যমিক শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬, সম্মান শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) বৃত্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্র জমাদানের জন্য বলা হলো। উল্লেখ্য পূর্ববর্তী শিক্ষাবর্ষের বিভিন্ন শ্রেণির বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী এবং নিয়মিত শিক্ষার্থী যারা এখনও প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়নি তাদেরকেও নির্ধারিত তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্র জমাদানের জন্য বলা হলো।

ব্যাংক একাউন্ট সংক্রান্ত শর্তাবলী:

- ১। বৃত্তির গেজেটে/ এসএসসি/এইচএসসি পরীক্ষার প্রবেশপত্রে শিক্ষার্থীর নামের বানান এবং অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ২। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের হতে হবে এবং সঠিকভাবে পূরণ করতে হবে;
- ৩। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
- ৪। হিসাবটি অবশ্যই শিক্ষার্থীর নামে হতে হবে;
- ৫। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল থাকতে হবে। ব্যাংক হিসাব সচল রাখার জন্য প্রতি ৩ মাস অন্তর ব্যাংকে লেনদেন চালু রাখা প্রয়োজন।

প্রয়োজনীয় কাগজপত্র:

- ব্যাংক হিসাব নম্বরের প্রমাণপত্র (Bank Statement, Routing নম্বর সহ) ফটোকপি;
- শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের (অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে) ফটোকপি;
- সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্র এবং নম্বরপত্রের ফটোকপি;
- পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
- অভিভাবকের জন্মনিবন্ধনের ফটোকপি;
- বৃত্তি তালিকায় যে পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম আছে তার কপি,
- যে প্রতিষ্ঠান থেকে এসএসসি/এইচএসসি পাস করেছে সে প্রতিষ্ঠানের বৃত্তি সংক্রান্ত প্রত্যয়নপত্র।

০৮/১২/২০২৫

(প্রফেসর মু: যহুর আলী)

আইডি. নং-০০০১০০৮২

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

ফোন নম্বর: ০২৫৮৮৫৫৪৭৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ২। বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী (সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ);
- ৩। আস্থায়ক, বৃত্তি কমিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৪। প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৫। হিসাবরক্ষক, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৬। সংরক্ষণ নথি।